



জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাণঘাতী করোনা ভাইরাস (COVID-19) এর বিস্তার রোধকল্পে এবং পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর নির্দেশনার প্রেক্ষিতে আগামী ১৬ জুন ২০২০ তারিখ থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস, পরীক্ষা ও আবাসিক হলসমূহ বন্ধ থাকবে এবং নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের অফিস সমূহ (ভাইস-চ্যান্সেলর সচিবালয়, রেজিস্ট্রার কার্যালয়, ডীন অফিস, আই.আর.টি., অর্থ ও হিসাব, অডিট সেল, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস, জনসংযোগ ও প্রকাশনা, পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা, প্রক্টর অফিস, ছাত্র পরামর্শ ও নির্দেশনা) সীমিত পরিসরে খোলা রাখার প্রশাসনিক আদেশ জারি করা হলো:

১. জরুরী সেবাসমূহ যথারীতি চালু থাকবে এবং মেডিকেল সেন্টার খোলা থাকবে, ডাক্তারগণ জরুরী ও টেলিমেডিসিন সেবা প্রদান করবেন। বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা, খামার, প্রকৌশল ও পরিচ্ছন্নতা শাখার সকল কর্মকর্তা ও কর্মচারী যথারীতি দায়িত্ব পালন করবেন।
২. বয়স্ক, ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ ব্যক্তি এবং সন্তান সম্ভবা নারীগণ কর্তৃপক্ষের অনুমতিক্রমে কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন।
৩. স্ব-স্ব বিভাগ, শাখা/অফিস প্রধানগণ-কে প্রয়োজন অনুযায়ী তাঁদের অধীনস্থ ন্যূনতম সংখ্যক কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে অবহিত করাসহ সরকার কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি সম্পর্কিত নির্দেশনাবলি যথাযথভাবে অনুসরণ করে অফিসে আসতে হবে। অফিস চলাকালীন সময়ে স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণের জন্য সর্বাবস্থায় মাস্ক পরিধান ও সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।
৪. প্রত্যেক অফিসের সম্মুখে বারবার সাবান পানি দিয়ে হাত পরিষ্কার করার ব্যবস্থা করতে হবে। স্ব-স্ব বিভাগ শাখা/অফিস প্রধানগণ নিজ দায়িত্বে এ ব্যবস্থা গ্রহণ করবেন।
৫. এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের কর্মস্থল (দিনাজপুর) ত্যাগ না করার জন্য বলা হলো।
৬. কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত বহিরাগত কোন ব্যক্তিকে ক্যাম্পাসে প্রবেশ ও অবস্থান না করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর ডাঃ মো. ফজলুল হক

রেজিস্ট্রার

স্মারক নং: হাবিপ্রবি/সংস্থা./৬৩৯৮(ক)

তারিখ: ১৫.০৬.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. ডীন, সকল অনুষদ, হাবিপ্রবি।
২. পরিচালক (আইআরটি), হাবিপ্রবি।
৩. সকল বিভাগীয় চেয়ারম্যান, হাবিপ্রবি।
৪. গ্রন্থাগারিক, হাবিপ্রবি।
৫. তত্ত্বাবধায়ক, সকল হল, হাবিপ্রবি।
৬. প্রক্টর, হাবিপ্রবি।
৭. পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), হাবিপ্রবি।
৮. পরিচালক (হিসাব), হাবিপ্রবি।
৯. পরিচালক (পরিকল্পনা উন্নয়ন ও ওয়ার্কস), হাবিপ্রবি।
১০. পরীক্ষা নিয়ন্ত্রক, হাবিপ্রবি।
১১. পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কৃষক সেবা কেন্দ্র, হাবিপ্রবি।
১২. পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), Career Advisory Service (CADS), হাবিপ্রবি।
১৩. পরিচালক, IQAC, হাবিপ্রবি।
১৪. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা শাখা, হাবিপ্রবি।
১৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকৌশল শাখা, হাবিপ্রবি।
১৬. চীফ মেডিকেল অফিসার, মেডিকেল সেন্টার, হাবিপ্রবি।
১৭. পরিচালক (শরীরচর্চা শিক্ষা), হাবিপ্রবি।
১৮. শাখা প্রধান, সকল শাখা, হাবিপ্রবি।
১৯. কো-অর্ডিনেটর, আই.টি.সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য) হাবিপ্রবি।
২০. পি.এস. টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), হাবিপ্রবি।
২১. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের অবগতির জন্য), হাবিপ্রবি।
২২. অফিস নথি।

১৫/০৬/২০২০

রেজিস্ট্রার